# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**18 NOVEMBER 2025** **7:45—7:55 PM**

---

১)নির্বাচন কমিশনের নির্দেশ অনুসারে রাজ্যে আজ থেকে ভোটার তালিকার বিশেষ সংশোধনী প্রক্রিয়া আরম্ভ ।

২) আগামী ফেব্রুয়ারী মাসের পর আসাম বিধানসভা নির্বাচনের দিন ঘোষণা করার সম্ভাবনা রয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েলের প্রকাশ ।

এবং

৩) জনগণের শিল্পী জুবিন গার্গের ৫৩তম জন্মদিনে রাজ্যবাসীর শিল্পীকে স্মরণ , বিভিন্ন কার্যসূচির আয়োজন / বরাক উপত্যকার তিন জেলার লোকেদের অংশ গ্রহণে আজ শিলচরে ৮ হাজারেরও বেশী কণ্ঠে মায়াবিনী গানের মাধ্যমে জুবিন গর্গের জন্মদিন পালন ।

------------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশনের নির্দেশ অনুসারে রাজ্যে আজ ভোটার তালিকার বিশেষ সংশোধনী প্রক্রিয়া আরম্ভ হয়েছে । নির্বাচন কমিশন আসামের মুখ্য নির্বাচনী আধিকারিকের উদ্দেশ্যে গতকাল জারী করা নির্দেশনা অনুসারে ২০২৬ সালের পয়লা জানুয়ারীকে ভিত্তি তারিখ হিসেবে গ্রহণ করে ভোটার তালিকার বিশেষ সংশোধনী করা হবে । এই অনুসারে আজ থেকে এ সম্পর্কীত নথিপত্র ছাপা এবং নির্বাচনের সঙ্গে যুক্ত আধিকারিক ও অন্যান্য সংশ্লিষ্ট কর্মচারীদের প্রশিক্ষণ শুরু হয়েছে । ২২ নভেম্বর থেকে বি-এল-ওদের ঘরে ঘরে গিয়ে নথি-পত্র পরিক্ষার কাজ শুরু করার নির্দেশ দেওয়া হয়েছে । ২১ ডিসেম্বর থেকে ২৬ ডিসেম্বরের মধ্যে সমন্বিত খসড়া ভোটার তালিকা প্রস্তুত করা হবে । ২৭ ডিসেম্বর খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হবে । এই সম্পর্কে উত্থাপিত কোন ধরণের দাবী , আপত্তি আগামী ২২ ফেব্রুয়ারীর মধ্যে নিষ্পত্তি করা হবে । আগামী বছরের ১০ ফেব্রুয়ারী চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে । নির্বাচন কমিশনের

জারী করা বিজ্ঞপ্তি অনুসারে সংবিধানের ৩শো ২৬ ধারার অধীনে এবং ১৯শো ৫০ সালের জনপ্রতিনিধিত্ব আইনের ১৬ এবং ১৯ নম্বর অনুচ্ছেদের অধীনে রাজ্যে বসবাস করা এবং পয়লা জানুয়ারী ১৮ বছর সম্পূর্ণ হওয়া নাগরিকদের নাম ভোটার তালিকায় অর্ন্তভুক্ত করা হবে ।

---------------------------------------------------------------------------------

এই উপলক্ষে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েল আজ গৌহাটিতে সাংবাদিকদের জানান যে বুথ পর্যায়ের কর্মীরা যদি কোন মৃত ব্যাক্তির নাম ভোটার তালিকায় সন্নিবিষ্ট হয়ে থাকে তবে তা কর্তন করার ব্যবস্থা করবে । এছাড়াও আসামের কোন নাগরিকের নাম বহি:রাজ্যের ভোটার তালিকায় থাকলে সেই ব্যাক্তির নামও আসামের ভোটার তালিকা থেকে বাদ দেওয়া হবে । বুথ পর্যায়ের কর্মীরা কোন ভোটদাতার বাড়ীতে গিয়ে তাকে পাওয়া না গেলে সেই ঘরে পর পর তিনদিন গিয়ে পর্যবেক্ষণের কাজ সম্পন্ন করবেন বলে তিনি জানিয়েছেন । সংগ্রীত সব তথ্য একটি বিশেষ এ্যাপের মাধ্যমে সংরক্ষিত করে রাখা হবে । শ্রী গোয়েল আরো জানান যে একটি ভোটকেন্দ্রে কোন ভাবেই ১ হাজার ২শোর বেশী ভোটদাতার নাম রাখা হবে না । সেই অনুসারে আসামের জনসংখ্যার ওপর ভিত্তি করে ১ হাজার ৮শো ২৬টি ভোটকেন্দ্র বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে । বিষয়টি নিয়ে জেলা পর্যায়ে আলোচনা অব্যাহত রয়েছে বলেও তিনি জানান । প্রসঙ্গত শ্রী গোয়েল জানান যে আগামী ফেব্রুয়ারী মাসে আসাম বিধানসভা নির্বাচনের দিন ঘোষণা করার সম্ভাবনা রয়েছে ।
তিনি বলেন-- বাইট

---------------------------------------------------------------------------------

জনগণের শিল্পী জুবিন গর্গের আজ ৫৩তম জন্মদিন । এই উপলক্ষে সমগ্র রাজ্যে বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয়েছে । প্রিয় শিল্পীর প্রয়াণের পরও তাঁর অগণিত অনুরাগী তাঁর জন্মদিনকে বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে উদযাপন করে তাঁর অস্তিত্বকে মূর্ত করে তুলছেন । সোনারপুরের কামারকুচি জুবিন ক্ষেত্রে আজ সকাল থেকে রক্তদান শিবির, নাম প্রসঙ্গ পাঠ, গাছের চারা রোপণ এবং বিকেলে প্রদীপ প্রজ্জ্বলন করা হয়েছে । এছাড়া জুবিন ক্ষেত্রে পাঁচশোটি আকাশ প্রদীপও জবালানো হয়েছে। এরপর আজ সন্ধ্যা থেকে সাংস্কৃতিক অনুষ্ঠান, ভাওনা সহ বিভিন্ন কার্যসুচীর আয়োজন করা হয়েছে ।

এদিকে রাজ্যের ৫৩টি স্থানে আজ জুবিন গর্গের স্মরণে রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে । লণ্ডন থেকে সদ্য ফিরে আসা মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ বিকেলে খানাপাড়া ময়দানে আয়োজিত শিবিরে রক্তদান করেছেন । ডিমা হাসাও

জেলায়ও আজ এই উপলক্ষে হাফলঙের লাল ফিল্ডে রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে । এই শিবিরে নিরাপত্তা বাহিনীর জওয়ানরা, বিজেপি সদস্যরা সহ অন্যান্যরা রক্তদান করেন । ওই জেলার মুখ্য কার্যবাহী সদস্য দেবোলাল গারলোসা, রাজ্যের মন্ত্রী নন্দিতা গারলোসা প্রমুখ অংশগ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------

অন্যদিকে সারা আসাম ছাত্র সংস্থা আজ বিভিন্ন জেলায় জুবিন গর্গের জন্মদিন পালনের সঙ্গে সঙ্গতি রেখে শিল্পীর অকস্মাৎ মৃত্যুর তদন্ত করে ন্যায় বিচারের দাবি জানিয়ে মানব শৃঙ্খল গড়ে তোলে ।

এছাড়া আগামীকাল গুয়াহাটির চানমারি আই আই টি'র খেলার মাঠে রাজ্যের দুশো'র-ও বেশি শিল্পী, কলাকুশলী সদ্য প্রয়াত শিল্পী জুবিন গর্গের কুড়িটিরও বেশি গান পরিবেশন করবেন । আজ এই অনুষ্ঠানের মহড়া সম্পন্ন হয়েছে ।

জুবিন গর্গের জন্মদিন উপলক্ষে রাজব্যব্যাপী উদযাপন কার্যসূচীর অঙ্গ হিসেবে আজ শিলচর শহরেও ব্যতিক্রমী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । বরাক উপত্যকার তিন জেলার থেকে মানুষ এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছে । কালচারেল ফ্রেটারনিটি অব বরাকভ্যালি'র উদ্যোগে আজ বিকেলে শিলচরের সতীন্দ্র মোহন দেব স্টেডিয়ামের গ্যালারিতে 'হাজার কণ্ঠে মায়াবিনী' শীর্ষক এই অনুষ্ঠানে আট হাজারেরও বেশি মানুষ অংশগ্রহণ করেছেন । শুধুমাত্র শিলচর শহরই নয়, কাছাড় জেলার বিভিন্ন স্থান থেকে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রী, শিল্পী সংগঠন এবং সাধারণ মানুষ এতে যোগ দিয়েছেন । এছাড়া শ্রীভূমি এবং হাইলাকান্দি জেলা থেকেও ছাত্র-ছাত্রী, বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্য এবং শিল্পীরা এই হাজার কণ্ঠের অনুষ্ঠানে কণ্ঠ মিলিয়েছেন । বিকেলে অনুষ্ঠান আরম্ভ হয়। প্রথমে জুবিন গর্গের জন্মদিনের কেক কেটে অনুষ্ঠানের সূচনা করা হয় । জুবিনের শিশু বয়সের শিক্ষিকা শ্রীভূমি শহরের জুবিনের প্রিয় মিঠু মিস অশ্রুসজল চোখে কেক কেটে অনুষ্ঠানের সূচনা করেন । এরপর জুবিনের কাছে তার জন্মদিনের শুভেচ্ছা পাঠানোর ভাবনায় ৫৩টি আকাশ প্রদীপ জ্বালিয়ে সেগুলিকে আকাশে উড়িয়ে দেওয়া হয়েছে । 'মায়াবিনী রাতের বুকুত' জুবিনের এই বিপুল জনপ্রিয় গানটি বাংলা এবং অসমীয়া দুটো ভাষাতেই গাওয়া হয়েছে । এতে ভারতকণ্ঠ দেবজিৎ সাহা এবং ইন্ডিয়ান আইডল খ্যাত মৈথিলী সোমও অংশগ্রহণ করেছেন ।

এদিকে কেন্দ্রীয় সরকার, জনগণের শিল্পী জুবিন গর্গের মৃত্যুর মামলার তদন্ত চালানোর জন্য ভারতীয় নাগরিক সংহিতার ২০৮ নম্বর ধারার অধীনে যাবতীয়

অনুমোদন লাভ করেছে । কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমতিতে জুবিন গর্গের মৃত্যুর মামলা সম্পর্কে আসাম পুলিশের প্রস্তুত করা অভিযোগনামা দাখিলের পথ প্রশস্ত হয়েছে । উল্লেখ্য- দেশের বাইরে কোনো অপরাধ সংঘটিত হলে কেন্দ্রীয় সরকার অনুমতি না দিলে আদালত সেই মামলার অভিযোগনামা গ্রহণ করে না । জুবিন গর্গের মৃত্যুর মামলার আইনী কাজকর্ম এগিয়ে নিয়ে যেতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রয়োজনীয় অনুমতি লাভ করা সম্পর্কে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে জানিয়েছেন যে- ভালোবাসার শিল্পী জুবিন গর্গের ৫৩ তম জন্মদিনেই কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ এই অনুমোদন জানিয়েছেন ।

জুবিন গর্গের মৃত্যুর মামলার বিশেষ তদন্তকারী দলের প্রধান তথা আসাম পুলিশের বিশেষ সঞ্চালক প্রধান মুন্নাপ্রসাদ গুপ্তা কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে লাভ করা এই অনুমোদনের বিষয়টি অতি গুরুত্বপূর্ণ বলে জানিয়েছেন । শ্রী গুপ্তা আরো বলেছেন যে- বিদেশে সংঘটিত অপরাধমূলক ঘটনায় ভারতীয় নাগরিক জড়িত থাকলে, তাদের বিরুদ্ধে আদালতে মামলা চালানোর জন্যে কেন্দ্রীয় সরকারের অনুমোদনের প্রয়োজন হয় । এই অনুমোদন আইনীভাবে বাধ্যতামূলক বলে উল্লেখ করে বিশেষঞ্চালক প্রধান বলেন যে- জুবিন গর্গের মৃত্যু বিদেশে হওয়ায় ভারতীয় নাগরিক সংহিতার ২০৮ ধারার অধীনে কেন্দ্রীয় সরকার এই অনুমোদন প্রদান করেছে । জুবিন গর্গের মৃত্যুর মামলার অভিযোগনামা আগামী দশই ডিসেম্বরের পূর্বে আদালতে দাখিল করার চেষ্টা করা হবে বলেও তিনি জানিয়েছেন । তিনি আরো বলেন- এই মামলায় এপর্যন্ত ১৬০ জনেরও বেশি লোকের সাক্ষ্য গ্রহণ করা হয়েছে এবং ফরেনসিক গবেষণাগার থেকেও যাবতীয় রিপোর্ট পাওয়া গেছে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার সমাজ কল্যান আধিকারীকের কার্য্যলয়ের উদ্যোগে আজ শ্রীভূমি শহরের পিএমশ্রী কেন্দ্রীয় বিদ্যালয়ে নেশামুক্ত ভারত অভিযানের পঞ্চম বার্ষিকী উদযাপন করা হয়েছে । প্রথমে নেশামুক্ত ভারত গঠনের শপথ গ্রহন করা হয়েছে । পরে বিদ্যালয়ের অধ্যক্ষ মহেন্দ্র সিং-এর পৌরহিত্যে আয়োজিত সভায় নেশামুক্ত ভারত গঠন নিয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । এছাড়া আজ ক্রীড়া , স্লোগান , আলপনা প্রতিযোগীতা এবং একটি নাটক পরিবেশিত হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

অল আসাম ইলেকট্রিসিটি কনজুমার্স অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে এক প্রতিনিধি দল আজ শিলচর পানপট্টির এ পি ডি সি এল-কার্য্যলয়ে এসে বিভাগীয় বাস্তুকারের সঙ্গে

সাক্ষাৎ করে স্মার্ট মিটার প্রতিস্থাপন সর্ম্পকিত বিজ্ঞপ্তী নিয়ে আলোচনা করেন । আলোচনায় অভিযোগ করা হয় যে কিছু কিছু গ্রাহকের ঘরে নোটিশ পাঠিয়ে জানানো হচ্ছে যে স্মার্ট মিটার প্রতিস্থাপন না করলে , তাদের ঘরে ২৪ ঘন্টার মধ্যে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হবে বলে জানিয়ে দেওয়া হয়েছে । আলোচনাকালে প্রতিনিধি দলে অরিন্দম দেব , সঞ্জীব রাই , মৃনাল কান্তি সোম প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে এবং শিলচরের সুক্ষ্য,ক্ষুদ্র ও মধ্যম শিল্প মন্ত্রকের সহযোগীতায় প্রধানমন্ত্রী বিশ্বকর্মা প্রকল্পের উপর আজ এক দিনের সচেতনতা শিবির দক্ষিন হাইলাকান্দি খন্ড উন্নয়ন আধিকারীকের কার্য্যলয়ের সদ্ভাবনা মন্ডপে অনুষ্ঠিত হয়েছে । শিবিরে পি এম বিশ্বকর্মা প্রকল্পের বিভিন্ন দিক নিয়ে জেলার সহকারী আয়ুক্ত অংকিতা ছেত্রী ,সুক্ষ্য,ক্ষুদ্র ও মধ্যম শিল্প মন্ত্রকের তিন সহকারী পরিচালক জি সি দাস , সুমিত গুণায়া এবং স্বপনিল দেশমূখ প্রমূখ বক্তব্য রাখেন । শিবিরে জেলার বিভিন্ন প্রান্ত থেকে প্রায় ১২০ জন কারিগর অংশগ্রহন করেন ।

---------------------------------------------------------------------------------------------------